

# বিশ্বব্যাংক গ্রুপের বর্ণবাদ বিরোধী দলিল

মূলনীতি সেপ্টেম্বর 2021

মূলনীতি

1

বিশ্বব্যাংক গ্রুপ সকল প্রকার ও প্রেক্ষাপটে বর্ণবাদ এবং জাতিগত বৈষম্যের প্রতি শূন্য সহনশীলতায় প্রতিশ্রুতিবদ্ধ।

মূলনীতি

2

বিশ্বব্যাংক গ্রুপের দুইটি লক্ষ্য, চরম দারিদ্র্যতা দূরীকরণ এবং যৌথ সমৃদ্ধি বৃদ্ধি অর্জনের জন্য প্রাতিষ্ঠানিক বর্ণবাদ এবং জাতিগত বৈষম্যের মোকাবিলা করা অপরিহার্য।

মূলনীতি

3

বিশ্বব্যাংক গ্রুপ বর্ণবাদ এবং জাতিগত বৈষম্য মোকাবেলা করতে এবং নিয়োগ ও প্রতিভার উন্নয়ন সংক্রান্ত সিদ্ধান্ত সহ, এর প্রতিষ্ঠান ও ব্যবস্থাপনার ক্ষেত্রে সকলের জন্য সমতা ও ন্যায্যপরায়ণতা প্রচারে প্রতিশ্রুতিবদ্ধ।

মূলনীতি

4

বিশ্বব্যাংক গ্রুপ উন্নয়নের চ্যালেঞ্জগুলিতে কার্যকরভাবে সাড়া দিতে এবং টেকসই উন্নয়নকে সমুল্লত করার লক্ষ্যে এর অর্থায়নে প্রকল্প, কর্মসূচি এবং বিনিয়োগের মাধ্যমে সবার অন্তর্ভুক্তির প্রচার করতে চায় এবং বর্ণবাদ ও জাতিগত বৈষম্য মোকাবেলা করতে চায়।

মূলনীতি

5

বিশ্বব্যাংক গ্রুপ আমরা যেসকল কমিউনিটিতে বাস করি এবং কার্যকর কমিউনিটি সম্পৃক্ততায় কাজ করি সেখানে অন্তর্ভুক্তির প্রচার এবং জাতিগত বৈষম্য মোকাবেলা করতে চায়।

মূলনীতি

6

বিশ্বব্যাংক গ্রুপ স্বীকার করে যে বর্ণবাদ এবং জাতিগত বৈষম্য নৈতিকভাবে নিন্দনীয়, আমাদের মূল মূল্যবোধের বিপরীত ও উভয় আন্তর্জাতিক আইন এবং এর বেশিরভাগ সদস্য দেশের আইনের অধীনেই বেআইনি।



WORLD BANK GROUP